তারিখ ..২৫ APR 2016..
পৃ. ..২.. কলাম..৪..

কালের কণ্ঠ

# বিশ্ববিদ্যালয়গুলোতে প্রতিবাদের ঝড়

**অধ্যাপক রেজাউল হত্যা**

**নিজস্ব প্রতিবেদক ▷**

রাজশাহী বিশ্ববিদ্যালয়ের ইংরেজি বিভাগের অধ্যাপক এ এফ এম রেজাউল করিম সিদ্দিকী হত্যার ঘটনায় তীব্র নিন্দা ও প্রতিবাদের ঝড় উঠেছে দেশের বিশ্ববিদ্যালয়গুলোর শিক্ষকদের মধ্যে। শিক্ষকদের বিভিন্ন কর্মসূচি ও বিবৃতির পাশাপাশি শিক্ষার্থীরাও বিভিন্ন প্রতিবাদী কর্মসূচি পালন করেছে। গতকাল রবিবার অধ্যাপকের নিজ বিশ্ববিদ্যালয় ছাড়াও ঢাকা বিশ্ববিদ্যালয়, জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়, বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়, শাহজালাল বিশ্ববিদ্যালয়, সিলেট কৃষি বিশ্ববিদ্যালয়, খুলনা বিশ্ববিদ্যালয়, খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, জগন্নাথ বিশ্ববিদ্যালয়, বরিশাল বিশ্ববিদ্যালয়সহ বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের শিক্ষকরা এই প্রতিবাদ জানান। এ ছাড়া বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশনসহ বিভিন্ন সামাজিক, সাংস্কৃতিক ও রাজনৈতিক সংগঠন হত্যাকাণ্ডের নিন্দা জানিয়েছে।

**মুক্তমনাদের দমাতেই এ হত্যাকাণ্ড—ঢাবি :** অধ্যাপক রেজাউল করিম সিদ্দিকী হত্যাকাণ্ডের ঘটনায় নিন্দা জানিয়েছেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের শিক্ষকরা।

ঢাকা বিশ্ববিদ্যালয়ের শিক্ষক সমিতির পক্ষ থেকেও ঘটনার নিন্দা জানানো হয়। গতকাল সমিতির সভপতি অধ্যাপক ফরিদ উদ্দিন আহমেদ ও সাধারণ সম্পাদক এ এস এম মাকসুদ কামাল স্বাক্ষরিত এক বিবৃতিতে অবিলম্বে সুষ্ঠু তদন্তের মাধ্যমে হত্যাকারীদের খুঁজে বের করে গ্রেপ্তারসহ দ্রুত দৃষ্টান্তমূলক শাস্তি দাবি করা হয়।

**জবি শিক্ষকদের মানববন্ধন :** অধ্যাপক সিদ্দিকীর খুনিদের দ্রুত গ্রেপ্তার ও দৃষ্টান্তমূলক শাস্তি দাবি করেছে জগন্নাথ বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতি। বিশ্ববিদ্যালয়ের কোষাধ্যক্ষ অধ্যাপক সেলিম ভূইয়া, শিক্ষক সমিতির সভাপতি অধ্যাপক ড. কাজী সাইফুদ্দীনের উপস্থিতিতে গতকাল বিশ্ববিদ্যালয়ের শহীদ মিনারের সামনে এ মানববন্ধন হয়।

**বাকৃবির শিক্ষক সমিতির নিন্দা :** ময়মনসিংহে বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয় (বাকৃবি) শিক্ষক সমিতি গতকাল এক বিবৃতিতে অবিলম্বে এ হত্যাকাণ্ডের দ্রুত বিচারের দাবি জানায়। হত্যাকাণ্ডের প্রতিবাদে শিক্ষক সমিতি আজ সকাল ১১টায় জরুরি সভা ডেকেছে।

**আজ উদীচীর প্রতিবাদ সমাবেশ :** সিদ্দিকীর হত্যাকাণ্ডের প্রতিবাদে আজ প্রতিবাদ সমাবেশের ডাক দিয়েছে বাংলাদেশ উদীচী শিল্পীগোষ্ঠী।

**ইউজিসি চেয়ারম্যানের নিন্দা :** রাজশাহীতে অধ্যাপকের মৃত্যুতে বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশনের চেয়ারম্যান প্রফেসর আবদুল মান্নান তীব্র নিন্দা জানিয়েছেন।

**লেখক শিবিরের বিবৃতি :** বাংলাদেশ লেখক শিবির এক বলেছে, সরকার হত্যাকারীদের গ্রেপ্তার করতে ব্যর্থ হলে এ হত্যাকাণ্ডের দায়দায়িত্ব সরকারকেই নিতে হবে।

**খুবি ও কুয়েটে মানববন্ধন :** খুলনায় দুটি বিশ্ববিদ্যালয়ের শিক্ষক-শিক্ষার্থীরা মানববন্ধন কর্মসূচি পালন করেছে। গতকাল খুলনা বিশ্ববিদ্যালয় (খুবি) এবং খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে (কুয়েট) এ কর্মসূচি পালিত হয়।

**শাবিপ্রবি ও সিকৃবিতে প্রতিবাদ :** মানববন্ধন করেছেন শাহজালাল বিশ্ববিদ্যালয় ও সিলেট কৃষি বিশ্ববিদ্যালয়ের শিক্ষকরা। গতকাল উভয় ক্যাম্পাসে পৃথক কর্মসূচিতে বক্তারা হত্যাকাণ্ডে জড়িতদের অবিলম্বে গ্রেপ্তার করে দৃষ্টান্তমূলক শাস্তি দাবি করেন।

**বরিশাল বিশ্ববিদ্যালয়ে মানববন্ধন :** বরিশাল বিশ্ববিদ্যালয়ে (ববি) মানববন্ধন করেছেন শিক্ষক-শিক্ষার্থীরা। বিশ্ববিদ্যালয়ের ইংরেজি বিভাগের আয়োজনে মানববন্ধনে বিভাগের প্রধান অধ্যাপক তানভির কায়সার, শিক্ষক সমিতির সভাপতি মো. আরিফ হোসেন প্রমুখ উপস্থিত ছিলেন।

**জাবিতে প্রতিবাদ সভা :** জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতি গতকাল সমাজবিজ্ঞান লাউঞ্জে এক জরুরি সভায় তীব্র ক্ষোভ ও নিন্দা জানায়। সভায় সমিতির পক্ষ থেকে আগামীকাল মঙ্গলবার সকাল সাড়ে ৯টা থেকে এক ঘণ্টা কর্মবিরতি ও মানববন্ধন কর্মসূচি ঘোষণা করা হয়।